মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবা বর্ষ
মুজিববর্ষেই নিশ্চিত হবে শতভাগ বিদ্যুতায়ন

শেখ হাসিনার উদ্যোগ

মুজিব শতবর্ষ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD
ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified

জনসংযোগ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
প্রশিক্ষণ একাডেমি ভবন (৩য় তলা)
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯
ফোন নং-৮৯০০৩১৭।
ই-মেইলঃ prdreb@gmail.com

স্মারক নং-২৭.১২.০০০০.০২১.৭২.১৭১.২১.৩৩৮৬

তারিখঃ ০৬ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ।
২০ মে, ২০২১ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ Virtual Meeting-এর মাধ্যমে বাপবিবোর্ড অংশীজনদের (Stakeholder) সঙ্গে শুদ্ধাচার/উত্তমচর্চা বিষয়ক সভা আয়োজন প্রসঙ্গে।

বাপবিবোর্ড সংশ্লিষ্ট অংশীজনদের (Stakeholder) সাথে শুদ্ধাচার/উত্তমচর্চা বিষয়ক একটি সভা ZOOM Cloud-এর মাধ্যমে নিম্নের সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সদস্য (প্রশাসন), বাপবিবো। |
| স্থান | : | অংশগ্রহণকারীগণের স্ব-স্ব অবস্থান। |
| তারিখ | : | ২৩-০৫-২০২১ খ্রিঃ, রোজ রবিবার, বিকাল ৪:০০ ঘটিকা। |
| উপস্থিতি | : | ZOOM Cloud-এ সংযুক্তির মাধ্যমে - বাপবিবোর্ডের তালিকাভুক্ত লাইন/পূর্ত নির্মাণ ঠিকাদার, পরিবহন ঠিকাদার, কনসালটেন্ট প্রতিষ্ঠানের প্রতিনিধি, মালামাল সরবরাহকারী ও ব্যাংক/বীমা/আর্থিক প্রতিষ্ঠান ইত্যাদির সম্মানীত প্রতিনিধি। |

ZOOM Cloud-এ সংযুক্তির জন্য **Meeting ID: 447 850 2598** ও **Password: reb2021** ব্যবহার করতে হবে। বর্ণিত সভায় অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে;

২০/৫/২০২১

(মোঃ আনোয়ার হোসেন)
পরিচালক (চঃ দাঃ)
মোবাইলঃ ০১৭১২-৫৮১৯৮৬

অনুলিপি (কার্যার্থে):

১। প্রধান প্রকৌশলী (পওপ/প্রকল্প), বাপবিবো।
২। পরিচালক, সংগ্রহ/হিসাব/আর্থিক মনিটরিং (উ:অ:/দ:অ:)/ সিএসএন্ডএম/এসইএন্ডডি পরিদপ্তর, বাপবিবো।
(আপনার দপ্তর সংশ্লিষ্ট সম্মানীত অংশীজনের প্রতিনিধিকে লিংক/ID ও Password প্রদানের অনুরোধসহ)
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো (ZOOM Meeting-এর কারিগরী কার্যব্যবস্থা সম্পাদনা ও সভার স্ক্রীনশট/ভিডিও সংরক্ষণ এবং ওয়েবসাইট/ফেইসবুক পেইজ-এ পোস্ট দেয়া ও সংশ্লিষ্ট অংশীজনদের অংশগ্রহণের অনুরোধসহ)।
৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতি ও কার্যসূচিতে অন্তর্ভুক্তির অনুরোধসহ)।
৫। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/ অর্থ/সমিতি ব্যবস্থাপনা/বিতরণ ও পরিচালন/পরিকল্পনা ও উন্নয়ন) বাপবিবো (সদস্য মহোদয়ের সদয় অবগতি ও কার্যসূচিতে অন্তর্ভুক্তির অনুরোধসহ)।

অনুলিপি (দপ্তর/পরিদপ্তর/অফিস প্রধানগণের অংশগ্রহণের অনুরোধসহ):

১। নির্বাহী পরিচালক/নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপবিবো।
২। সকল দপ্তর/পরিদপ্তর/প্রকল্প অফিস/অফিস প্রধান, বাপবিবো।
৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।

মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবা বর্ষ
মুজিববর্ষেই নিশ্চিত হবে শতভাগ বিদ্যুতায়ন

শেখ হাসিনার উদ্যোগ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified

জনসংযোগ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
প্রশিক্ষণ একাডেমি ভবন (৩য় তলা)
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯
ফোনঃ ০২-৮৯০০৩১৭
ই-মেইলঃ prdreb@gmail.com

স্মারক নং- ২৭.১২.০০০০.০২১.৭২.১৭১.২১.৩৪১০

তারিখঃ ১০ জ্যৈষ্ঠ , ১৪২৮ বঙ্গাব্দ।
২৪ মে, ২০২১ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ বাপবিবোর্ডের অংশীজনদের (লাইন/পূর্ত নির্মাণ ঠিকাদার, মালামাল সরবরাহকারী, পরিবহন ঠিকাদার, কনসালটেন্ট প্রতিষ্ঠানের প্রতিনিধি ও ব্যাংক/বীমা/আর্থিক প্রতিষ্ঠানের সম্মানীত প্রতিনিধির) সাথে শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ক চতুর্থ প্রান্তিকের ভার্চুয়াল সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবুল কালাম শামসুদ্দিন, অতিরিক্ত সচিব ও সদস্য (প্রশাসন), বাপবিবোর্ড। |
| সভার তারিখ ও সময় | : | ২৩-০৫-২০২১ খ্রিঃ, বিকাল ৪:০০ ঘটিকা। |
| সভার ধরণ | : | অনলাইন জুম মিটিং । |

বাপবিবোর্ডের সদস্য (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে বাপবিবোর্ডের অংশীজনদের (লাইন/পূর্ত নির্মাণ ঠিকাদার, মালামাল সরবরাহকারী, পরিবহন ঠিকাদার, কনসালটেন্ট প্রতিষ্ঠানের প্রতিনিধি ও ব্যাংক/বীমা/আর্থিক প্রতিষ্ঠানের সম্মানীত অংশীজন প্রতিনিধি ও বাপবিবো/পবিসের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের উপস্থিতিতে অনলাইন জুম মিটিং এ অংশগ্রহণে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য পরিচালক জনসংযোগকে অনুরোধ করেন।

১। আরইবি'র শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও পরিচালক, জনসংযোগ আরইবি'র অংশীজনদের সাথে আয়োজিত সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি সূচনা বক্তব্যে ২০৪১ সালের মধ্যে সুখী, সমৃদ্ধ, আধুনিক ও উন্নত বাংলাদেশ গড়তে মাননীয় প্রধানমন্ত্রীর কালজয়ী উদ্যোগ "ঘরে ঘরে বিদ্যুৎ" বাস্তবায়নে অংশীজনদের আন্তরিক ও ধারাবাহিক প্রচেষ্টার ভূয়সী প্রশংসা করেন। একটি শুদ্ধাচারী জাতি গড়ে তোলার জন্য সকল কর্মকর্তা/কর্মচারী ও সর্বোপরি দেশের জনগণকে শুদ্ধাচারী হতে হবে। সকল লাইন নির্মাণ ঠিকাদারদের দালাল দৌরাত্ম দূরীকরণপূর্বক গ্রামের সহজ সরল মানুষদের যাতে জিম্মি করে অর্থ আদায় না করতে পারে এ বিষয়টি মালিক পক্ষকে নিশ্চিত করতে হবে। অতিরিক্ত সময় শাট-ডাউন না নিয়ে বেশি সংখ্যক শ্রমিক নিয়ে দ্রুত কাজ শেষ করতে হবে যাতে লোডশেডিং দীর্ঘায়িত না হয়। এছাড়া, শ্রমিকের জীবন যাতে বিপন্ন না হয় সেদিকেও সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে।

২। প্রধান প্রকৌশলী (প্রকল্প), দেবাশীষ চক্রবর্তী বলেন, জাতির পিতার স্বপ্ন পূরণে শুধু আরইবিই নয় আরইবি কার্যক্রমের সাথে জড়িত সকল অংশীজন গুরুত্বও কম নয়। শতভাগ উপজেলা বিদ্যুতায়ন বাস্তবায়নে অংশীজনদের সক্রিয়তা এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত পূর্বক আন্তরিক প্রচেষ্টা প্রশংসনীয়। অফগ্রীডভুক্ত এলাকাসমূহ অত্যন্ত দূরবর্তী চরাঞ্চল ও প্রান্তিক এলাকায় অবস্থিত হওয়ায় সেখানে বিদ্যুৎ পৌছানো দূরূহ কাজ ছিল। কিন্তু এই চ্যালেঞ্জিং কাজ স্টেক হোল্ডারদের অধিকতর কর্মতৎপরতার ফলেই তা সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। ৪৬১টি উপজেলা শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম যেরূপ সফলতার সাথে সম্পন্ন করা হয়েছে একইভাবে অফগ্রিড এলাকাভুক্ত ১০৫৯ টি গ্রামে গ্রাহক হয়রানি ব্যতিরেকে লাইন নির্মাণ সম্পন্ন করার জন্য সকল ঠিকাদারদের অনুরোধ জানান। এছাড়াও বৈদ্যুতিক দূর্ঘটনা প্রতিরোধে সকল ঠিকাদারগণকে আরও বেশি সচেতন হওয়ার পরামর্শ দেন। জাতির পিতার স্বপ্ন "সোনার বাংলা" বিনির্মানে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে এবং আরইবি'র চেয়ারম্যান মহোদয়ের দিকনির্দেশনাকে কাজে লাগিয়ে আরও বেগবান গতিতে জুন-২০২১ এর মধ্যে অফগ্রীডভুক্ত এলাকায় বিদ্যুতায়ন নিশ্চিত করার পরামর্শ প্রদান করেন।

৩। সদস্য (বিতরণ ও পরিচালন), জনাব মোঃ জহিরুল ইসলাম গ্রিডভুক্ত এলাকায় সফলভাবে লাইন নির্মাণ কাজ সমাপ্ত করার জন্য সকল ঠিকাদারী প্রতিষ্ঠান-কে ধন্যবাদ জ্ঞাপন করেন। অফ-গ্রিডভুক্ত এলাকায় যতদ্রুত সম্ভব কাজের গুণগত মান ঠিক রেখে লাইন নির্মাণ কাজ শেষ করার জন্য সকল ঠিকাদারী প্রতিষ্ঠান-কে আহ্বান জানান। তিনি বলেন, মালামাল চুরি ও বাইরে তা বিক্রি হচ্ছে এমন বিষয়গুলো উদ্বেগজনক বিধায় ভবিষ্যতে এ ধরণের কাজের পুনরাবৃত্তি যাতে না হয় সে জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান-কে আরও সচেতন হতে হবে। বেশি শ্রমিক নিয়ে শাট-ডাউনের সময় কমিয়ে এনে দ্রুত মেরামত কাজ শেষ করতে হবে।

৪। লাইন নির্মাণ ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি মোঃ ইব্রাহীম খোকন সভায় সকলকে অবহিত করেন যে, ঠিকাদারী প্রতিষ্ঠানগুলো মাঠপর্যায়ে গ্রাহক যাতে প্রতারিত না হয় সে জন্য যথার্থ ব্যবস্থা তারা নিচ্ছেন। তবে কিছু সংখ্যক ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকজন স্থানীয় প্রতিনিধির মাধ্যমে চাঁদাবাজিতে জড়িয়ে পড়েন এটি অসত্য নয়। তবে অতীতের তুলনায় এ সংখ্যাটি অনেক কমে এসেছে। লাইন নির্মাণ ঠিকাদার প্রতিনিধি জনাব মোঃ আইয়ুব নবী বলেন যে, কোন ঠিকাদারী প্রতিষ্ঠান

ইচ্ছাকৃতভাবে মালামালের ক্ষতি করার চেষ্টা করে না। তথাপি বাস্তব কারণে অনেক সময় মালামালের ক্ষতি সাধিত হয়ে যায় এটা সত্য। এছাড়া, তারা সাব-কন্ট্রাক্টর দিয়ে কাজ করান না মর্মে অবহিত করেন।

৫। উপদেষ্টা প্রতিষ্ঠান পুল (PUL)-এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, তাদের রেট শিডিউল এর মূল্য বৃদ্ধি করার দাবি করেন। এছাড়া তিনি বলেন, বাপবিবো/পবিস-কে সহযোগিতা করে যাচ্ছেন এবং ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে। বিআরবি ক্যাবল এর প্রতিনিধি বলেন, বাপবিবো/পবিস-এর সকল মালামাল ইতোমধ্যে তারা সরবরাহ নিশ্চিত করেছেন। তিনি ভবিষ্যতে মালামাল সরবরাহের ক্ষেত্রে গুণগত মান ও সময়মত মালামাল সরবরাহ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

৬। সদস্য (প্রশাসন) জনাব আবুল কালাম শামসুদ্দিন অংশীজনদের উদ্দেশ্যে বলেন, সুশাসন প্রতিষ্ঠা এবং দুর্নীতিমুক্ত উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গড়তে হলে সকলকে শুদ্ধাচারী হতে হবে। অংশীজনদের সহযোগীতা না পেলে দ্রুততম সময়ে শতভাগ বিদ্যুতায়ন কাজ সম্পন্ন করা আমাদের পক্ষে সম্ভব হত না। ঠিকাদারদের কাজে স্বচ্ছতা, মানবিকতা ও শিশুশ্রম বন্ধ করতে হবে। পাশাপাশি ঠিকাদারের কর্মীদের নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিত করে কাজ করার তাগিদ দেন। অংশীজনদের উদ্দেশ্যে তিনি বলেন যে পেশাগত ক্ষেত্রে শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে সকলকে নির্মল চরিত্রের অধিকারি হওয়া, সময়ানুবর্তি ও নিয়মানুবর্তি হওয়া, উদ্ভাবনী ক্ষমতার বিকাশ, আধুনিক প্রযুক্তি ব্যবহার, রুচিসম্মত পোশাক-পরিচ্ছদ পরিধান, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের সাথে ব্যক্তিগত আক্রোশ পরিহার শোভনীয় আচরণ করা আবশ্যক। অতঃপর অনুষ্ঠানের সভাপতি সদস্য (প্রশাসন) অংশীজনদের উদ্দেশ্যে নিম্নবর্ণিত দিক নির্দেশনা প্রদান করেনঃ

(ক) মুজিব শতবর্ষের মধ্যে অফ-গ্রিডভুক্ত এলাকা শতভাগ লাইন নির্মাণ সমাপ্তির মাধ্যমে দেশে শতভাগ বিদ্যুতায়ন নিশ্চিত করা;

(খ) সরবরাহকৃত মালামাল/লাইন নির্মাণের/সাব-স্টেশন/আপগ্রেডেশন কাজের বিল সময়মত পরিশোধ করা;

(গ) আপগ্রেডেশন কাজে শাট-ডাউন সংশ্লিষ্ট কাজে অধিক জনবল নিযুক্ত করে শাট-ডাউনের সময়সীমা সীমিতকরণ এবং নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ;

(ঘ) সরবরাহকৃত মালামাল ও লাইন নির্মাণ/সাব-স্টেশন নির্মাণ কাজের গুণগত মান নিশ্চিতকরণ;

(ঙ) বিক্রয়ের উদ্দেশ্যে সংগৃহীত বিভিন্ন বৈদ্যুতিক মালামাল, বিশেষতঃ তার দেশের বিভিন্ন এলাকা হতে উদ্ধার করা হচ্ছে। মালামাল চুরি রোধের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ কর্তৃক যথাযথ নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিত করা;

(চ) চুক্তির মূল সময়সীমার মধ্যে লাইন নির্মাণ কাজ সম্পাদন করা;

(জ) বাপবিবো/পবিস এর সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীসহ সকল শ্রেণীর অংশীজনদের সততা, কর্তব্যনিষ্ঠা, অংশীদারিত্ব নিশ্চিতকরণের মাধ্যমে শুদ্ধাচার প্রতিষ্ঠা করা;

(ঝ) গ্রাহকের নিকট হতে বিল আদায়ে দায়িত্বপ্রাপ্ত ব্যাংক/বীমা/আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে স্বচ্ছতার সাথে ও স্বাস্থ্যবিধি মেনে সকল কাজ সম্পাদন করা।

<u>সিদ্ধান্তঃ</u>

(i) প্রতি প্রান্তিকে অংশীজনদের নিয়ে সরাসরি অথবা অনলাইন জুম মিটিং এর মাধ্যমে শুদ্ধাচার সংক্রান্ত সভার আয়োজন অব্যাহত রাখা;

(ii) করোনাভাইরাস (COVID-19) এর দ্বিতীয় ঢেউয়ের সংক্রমণ ঠেকাতে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে অফিসে যাতায়াত নিশ্চিত করা;

(iii) গরমের মৌসুম চলমান হওয়ায় অতিরিক্ত শাট-ডাউন না নিয়ে বেশি সংখ্যক শ্রমিক নিয়ে দ্রুত কাজ শেষ করা যাতে লোডশেডিং দীর্ঘায়িত না হয়।

(iv) জুন'২০২১ এ সমাপ্ত হবে এমন প্রকল্পের কাজ গুরুত্ব দিয়ে শেষ করা এবং যথাসময়ে বিল দাখিল করা;

(v) সংশ্লিষ্ট দপ্তর/পরিদপ্তর/বিভাগ কর্তৃক অংশীজনদের সকল অভিযোগ নিরসনপূর্বক কাজের গতি বৃদ্ধি করা;

(vi) সভার কার্যবিবরণী সকল অংশীজনদের নিকট পৌঁছে দেয়া এবং ওয়েবসাইট-এ আপলোড করা ।

৭। ভার্চুয়াল সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(আবুল কালাম শামসুদ্দিন)
অতিরিক্ত সচিব ও সদস্য (প্রশাসন)